4

তারিখ ... 20 JUL 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

দৈনিক বাংলা

# শিক্ষা প্রকল্পে ইউনেস্কো ৩ লাখ ডলার মঞ্জুরি দেবে

গত ১৪ জুলাই প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জার্মানীর হামবুর্গ শহরে তার হোটেল স্যুটে ইউনেস্কোর মহাপরিচালক মিঃ ফেডেরিকো মেয়র সাক্ষাৎ করেন। হামবুর্গে বয়স্ক শিক্ষার ওপর ইউনেস্কোর পঞ্চম আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী দিবসের অনুষ্ঠানের ব্যস্ততার মধ্যে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

প্যারিস থেকে প্রেরিত বাংলাদেশের রাষ্ট্রদূতের এক ফ্যাক্স বার্তায় বলা হয়, আলোচনাকালে মিঃ মেয়রকে অন্যান্যের মধ্যে সহায়তা করেন তার এশিয়া-প্যাসিফিক ও ওসেনিয়া অঞ্চল সংক্রান্ত সিনিয়র

(৪-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষা প্রকল্পে ইউনেস্কো

(প্রথম পৃষ্ঠার পর)

বিশেষ উপদেষ্টা জনাব তোজাম্মেল হক। অপরদিকে প্রধানমন্ত্রীকে সহায়তা করেন পররাষ্ট্র সচিব ফারুক সোবহান এবং ফ্রান্স ও ইউনেস্কোতে বাংলাদেশের রাষ্ট্রদূত তোফায়েল হায়দার।

প্রধানমন্ত্রী ও মিঃ ফেডেরিকো মেয়রের মধ্যে বৈঠকে বাংলাদেশ ও ইউনেস্কোর মধ্যে সহযোগিতার সবদিক আলোচিত হয়। আলোচনায় সামনের বছরগুলোতে শিক্ষা ক্ষেত্রে ইউনেস্কোর গুরুত্বপূর্ণ ও টেকসই সহায়তা বৃদ্ধির ওপর বিশেষ গুরুত্ব দেয়া হয়।

প্রধানমন্ত্রী ইউনেস্কোর মহাপরিচালককে প্রাথমিক শিক্ষা, বয়স্ক ও অব্যাহত শিক্ষা, বৃত্তিমূলক ও বিজ্ঞান ভিত্তিক শিক্ষার অগ্রগতি, প্রকৃতি ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে ইউনেস্কোর গতিশীল সমর্থন এবং সংস্থার বার্ষিক অংশগ্রহণ কর্মসূচীর অধীনে তহবিল প্রদানের জন্য ধন্যবাদ জানান।

জবাবে মিঃ মেয়র প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান বক্তা হিসাবে বয়স্ক শিক্ষার ওপর পঞ্চম আন্তর্জাতিক সম্মেলনে ভাষণ প্রদানের জন্য তাঁর আমন্ত্রণ গ্রহণ করায় তার প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। বাংলাদেশে অশিক্ষা দূরিকরণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গণতান্ত্রিক সরকারের ১০ বছর ব্যাপী কর্মসূচী এবং ইউনেস্কোতে ই-৯ গ্রুপ দেশগুলোর সদস্য হিসাবে ঢাকার ভূমিকা ও কর্মকান্ডের প্রশংসা করেন।

আলোচনার শেষ দিকে মিঃ ফেডেরিকো মেয়র ইউনেস্কোর ১৯৯৬-৯৭ সালের বাজেট থেকে শিক্ষা ক্ষেত্রে তহবিল প্রকল্পগুলোর জন্য বাংলাদেশ সরকারকে ৩ লাখ মার্কিন ডলার মঞ্জুরির প্রস্তাব দেন। এই বাজেট আগামী অক্টোবরে শেষ হবে। তিনি প্রধানমন্ত্রীকে তার সরকারের নিজস্ব পছন্দ মাফিক অগ্রাধিকার ভিত্তিতে কয়েকটি জরুরী প্রকল্প গ্রহণ করে সেগুলো আগামী সেপ্টেম্বরের মধ্যে ইউনেস্কোতে পেশ করতে অনুরোধ জানান। মহাপরিচালক বলেন, ইউনেস্কোর কর্মসূচী ও নীতিমালার প্রতি প্রধানমন্ত্রী ও তার সরকারের দৃঢ় সমর্থন ও অঙ্গীকারের জন্য এ বিশ্ব সংস্থর গভীর শ্রদ্ধার নিদর্শনস্বরূপ এই মঞ্জুরি দেয়া হচ্ছে। এ ছাড়াও মিঃ মেয়র, বাংলাদেশে সামুদ্রিক ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত অথবা বিধ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মেরামত ও পুনর্নির্মাণের জন্য ইউনেস্কোর পূর্ব ঘোষিত ৫০ হাজার মার্কিন ডলার প্রদানের কথা নিশ্চিত করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহাপরিচালককে আন্তরিক ধন্যবাদ জানান এবং দুটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে উদার সহায়তার ঘোষণা দেয়ায় বাংলাদেশ সরকার ও জনগণের পক্ষ থেকে মিঃ মেয়র ও ইউনেস্কোর প্রতিও গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

মিঃ মেয়র বাংলাদেশে তার বহু প্রতিক্ষিত সফর প্রসঙ্গে প্রধানমন্ত্রীকে জানান, এ বছরের নবেম্বরের শেষ দিকে অথবা ডিসেম্বরের গোড়ায় ঢাকায় সফরে আসবেন।